



বিআইডব্লিউটিসি  
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন  
নৌপরিবহন মন্ত্রণালয়

২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা-১০০০

Website: www.biwtc.gov.bd

স্মারক নং-১৮.১২.০২৭.০৩.০৩.২২৫.২০২৩- ৩২৩

তারিখ: ২৯/০২/২০২৪ খ্রি.

**বিষয়: কারণ দর্শানো নোটিশ।**

যেহেতু আপনি, জনাব মোঃ আহাম্মদ আলী, কোড নং-১০৭৬১ অত্র সংস্থায় পাটুরিয়া প্রান্তিকে এজিএম (মেরিন) পদে কর্মরত আছেন; এবং

০২। ইহা প্রতিবেদিত হয়েছে যে, গত ১৭/০১/২০২৪ তারিখ আনুমানিক সকাল ০৮.০০ ঘটিকায় ইউটিসিটি ফেরি রজনীগন্ধা পাটুরিয়াহ ৫নং ফেরিঘাটের সন্নিকটে দুর্ঘটনায় পতিত হয়ে ডুবে যায়। উক্ত দুর্ঘটনার কারণসহ দুর্ঘটনার ক্ষয়ক্ষতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয় নিরূপনের লক্ষ্যে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির প্রতিবেদনে উল্লেখ রয়েছে ফেরিটির কোনাগুলির বাউন্ডারী রেলিং এবং ডেকের নীচে হালের অংশ অন্য ফেরির সাথে সংঘর্ষ বা পন্থুনে ভিড়ানোর সময় ধাক্কার কারণে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। উক্ত ক্ষেত্রে ফেরিটি পরিচালনার ক্ষেত্রে মাষ্টারগণ সঠিকভাবে দায়িত্ব পালন করেননি। ফেরিটি পরিচালনা, ইনসপেকশন ও মেইনটেনেন্স এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মারাত্মক দায়িত্বহীনতা ও গাফিলতি রয়েছে। পাটুরিয়া অঞ্চলের নৌ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে আপনি এর দায় এড়াতে পারেন না।

০৩। এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, এর কারণ লিখিতভাবে আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

স্বাঃ  
(মোঃ ফজলে রাব্বি)  
চীফ পার্সোনেল ম্যানেজার  
ফোন: ০২-৯৬৩৪৯৬২  
e-mail: cpmbiwtc@yahoo.com

জনাব মোঃ আহাম্মদ আলী  
এজিএম (মেরিন), কোড নং-১০৭৬১  
বিআইডব্লিউটিসি, পাটুরিয়া।

**বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য।**

- ১। পরিচালক (সকল), বিআইডব্লিউটিসি, ঢাকা।
- ২। জিএম (একাউন্টস/মেরিন), বিআইডব্লিউটিসি, ঢাকা।
- ৩। ডিজিএম (কমার্স), বিআইডব্লিউটিসি, আরিচা।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বিআইডব্লিউটিসি, ঢাকা- গুয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআইডব্লিউটিসি, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। ব্যক্তিগত নথি।
- ৭। দপ্তর লিপি।
- ৮। বেতার বার্তা।

চীফ পার্সোনেল ম্যানেজার